

আগামী বছর জানুয়ারির এক তারিখ থেকে বেসরকারি বিশ্ববিদ্যালয়ে থেকে ডুয়েল সেমিস্টার চালুর সিদ্ধান্ত নিয়েছে বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশন ইউজিসি।

এ সিদ্ধান্তে ক্ষোভ প্রকাশ করেছে বাংলাদেশ বেসরকারি বিশ্ববিদ্যালয় সমিতি (এপিইউবি)। ইউজিসি ক্ষমতার অপব্যবহার করে চাপিয়ে দেয়া এ সিদ্ধান্ত কার্যকর করবে না বলেও সংগঠনটি হুশিয়ারি দিয়েছে।

সোমবার বিকালে রাজধানীর বনানীতে সাংবাদিকদের সঙ্গে মতবিনিময়কালে সমিতির সভাপতি শেখ কবির হোসেন এসব কথা বলেন।

তিনি বলেন, দেশের অধিকাংশ বেসরকারি বিশ্ববিদ্যালয়ের সৃষ্টিলগ্ন থেকে ট্রাই সেমিস্টার চলে আসছে। পৃথিবীর অন্যান্য দেশেও চলছে ট্রাই সেমিস্টার। এর ফলে শিক্ষার্থীদেরকে কম টাকা টিউশন ফি দিতে হয়। কোন আলোচনা ছাড়া হঠাৎ চাপিয়ে দেয়া এ সিদ্ধান্ত এত কম সময়ে বাস্তবায়ন করা কোন ভাবেই সম্ভব নয়।

শেখ কবির হোসেন বলেন, আমরা মনে করি যদি বাই সেমিস্টার ভাল হয় তবে আমরা অবশ্যই চালু করবো। কিন্তু হঠাৎ করে পরিবর্তন মেনে নেওয়া যাবে না। আমাদের কারিকুলাম, শিক্ষার্থী, শিক্ষক ট্রাইসেমিস্টারে অভ্যস্ত। এক চেটিয়া একটি চিঠি পাঠিয়ে রাতারাতি একাডেমিক ক্যালেন্ডার পরিবর্তন করা সম্ভব নয়।

দেশে বেসরকারি ১০৮টি বেসরকারি বিশ্ববিদ্যালয় আছে। করোনার সময় এই সেক্টরে যে ক্ষতি হয়েছে তা কাটতে শুরু করেছে। এমন সময় এমন হস্তক্ষেপ বেসরকারি বিশ্ববিদ্যালয়গুলোকে অস্তিত্ব সংকটে ফেলবে বলে মনে করেন তিনি।

তিনি বলেন, সরকারি বিশ্ববিদ্যালয়গুলোকে সরকার টাকা দেয়। কিন্তু বেসরকারি বিশ্ববিদ্যালয় একটি অলাভজনক প্রতিষ্ঠান। এ সিদ্ধান্ত স্থগিত করতে আমরা ইউজিসিকে দু বার চিঠি দিয়েছি। সম্প্রতি শিক্ষামন্ত্রী একজন সদস্যকে জিজ্ঞাসা করেছেন ট্রাই সেমিস্টারে সমস্যা কোথায়? এ বিষয়ে সেই সদস্য কোন সদুত্তর দিতে পারেননি। এ বিষয়ে প্রধানমন্ত্রীর হস্তক্ষেপ কামনা করে বেসরকারি বিশ্ববিদ্যালয় সমিতি। তারা আশা করেন যে ইউজিসি আমাদের কথা শুনবে। এ বিষয়ে আলাপ আলোচনার মাধ্যমে পরবর্তিতে সমাধান হবে।

বিদেশি স্টাডি সেন্টার দেশে হওয়া উচিত নয় বলে মনে করে বেসরকারি বিশ্ববিদ্যালয় সমিতি।

মতবিনিময়কালে তারা বলেন, আমাদের বিশ্ববিদ্যালয় অলাভজনক, কিন্তু বিদেশি বিশ্ববিদ্যালয়ের শাখা হলে তা লাভজনক। এক দেশে দুই নীতি চলতে পারে না। আমরা চাই বিদেশী বিশ্ববিদ্যালয়ের শাখা হোক। কিন্তু দেশী বিশ্ববিদ্যালয় শাখা যেন বেসরকারি বিশ্ববিদ্যালয়ের মত শিক্ষক, অবকাঠামো থাকা উচিত।

এমএম